

আমার কালো মেয়ের পায়ের তলায়
দেখে যা আলোর নাচন।
মায়ের রূপ দেখে দেয় বুক পেতে শিব
যার হাতে মরণ ঝাঁচন ॥
আমার কালো মেয়ের আঁধার কোলে
শিশু রবি শশী দোলে,
(মায়ের) একটুখানি রূপের ঝলক
ঐ স্নিগ্ধ বিরাট নীল-গগন ॥
পাগলী মেয়ে এলোকেশী
নিশীথিনীর দুলিয়ে কেশ,
নেচে বেড়ায় দিনের চিতায়
লীলার রে তার নাইকো শেষ।
সিঁধুতে ঐ বিন্দু খানিক
(তার) ঠিকরে পড়ে রূপের মানিক,
বিশ্ব মায়ের রূপ ধরে না
মা আমার তাই দিগ-বসন ॥